

প/স
১৩৭২০০
১২৭
১৩/১১/২০২১



জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর

রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি
বহিঃস্থ নং: ৩০০৬
সংরক্ষিত ফাইল নং:
গ্রহণের তারিখ: ১৭/১০/২০২১

বহিতার স্বাক্ষর

স্মারক: (০-৫) জাতীয়বিঃ/পানি/অফিস আদেশ/২০১২/০৩/৩৫২

তারিখ: ২৬/১০/২০২১

অনলাইনে সেবা গ্রহণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সেবা গ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তরের সকল সেবার আবেদন অনলাইনে করা যায়। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উপস্থিত হয়ে আবেদনের (হাতে হাতে) কোনো সুযোগ নাই। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd এর service মেনুর student login লিংক থেকে সকল সেবার আবেদন করতে হবে। আবেদন প্রক্রিয়া শেষ হলে একটি pay slip জেনারেট হবে এবং pay slip- এর প্রিন্টেড কপি নিয়ে নির্ধারিত ফি সোনালী ব্যাংকের যে কোনো শাখায় জমা দিলে আবেদন প্রক্রিয়া শেষ হবে। প্রার্থিত সেবা বিতরণের জন্য প্রস্তুত হলে student login থেকে জানা যাবে। আবেদন এবং pay slip- এর মূল কপি বিশ্ববিদ্যালয়ের One Stop Service Center-এ জমা দিয়ে সেবা গ্রহণ করতে হবে।

এছাড়া সনদ যাচাই, সত্যায়ন, WES/ICAS/IQAS/CES Request Form পূরণ, বিভিন্ন এজেন্সি অথবা বিদেশী বিশ্ববিদ্যালয়ের Request Form পূরণ, সীলগালা খাম এবং e-mail এর মাধ্যমে ডকুমেন্ট পাঠানোর অনলাইন আবেদনের জন্য ওয়েবসাইট (www.nu.ac.bd) এর service মেনুর Verification Service/Certificate/Marksheet/WES etc. লিংক থেকে অনলাইনে আবেদন করা যায়।

সেবা প্রস্তুত হওয়ার ০১(এক) মাসের মধ্যে গ্রহণ করা না হলে তা সংশ্লিষ্ট কলেজে পাঠিয়ে দেওয়া হবে। যে কোনো সেবার আবেদন নিজ নিজ অবস্থান থেকে সম্পন্ন করে বিশ্ববিদ্যালয়ের অনলাইন সেবা গ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হলো।

বিভিন্ন মূল সনদের ক্ষেত্রে যেসব শিক্ষার্থী ১৯৯২ থেকে ২০০০ সাল পর্যন্ত বিভিন্ন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন শুধু তাদের জন্য প্রযোজ্য হবে। অনলাইনে আবেদন করে মূল সনদ গ্রহণকালে সাময়িক সনদ ফেরত দিতে হবে।

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

অধ্যক্ষের কার্যালয় ০১৭

ইমেইল: nu.ac.bd

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২৮/১০/২০২১ খ্রি.

অনলাইনে সেবা গ্রহণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.nu.ac.bd এর service মেনুর student login লিংক থেকে সকল সেবার জন্য আবেদন করতে হবে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট শিক্ষার্থীকে নিজ নিজ অবস্থান থেকে অনলাইনে আবেদন সম্পন্ন করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সেবা গ্রহণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণঃ

- ১। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল।
- ২। সংরক্ষণ নথি।